# আপনার অধিকারগুলো জানুন

## মার্কিন যুক্তরাষ্ট্রে চাকুরি করার সময় আপনার বিভিন্ন অধিকার রয়েছে

মানব পাচার সংক্রান্ত জাতীয় হটলাইন বা ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং হটলাইন
1-888-373-7888 (মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে)

233733 নম্বরে “HELP” লিখে টেক্সট করুন (মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে) অথবা *HELP@HUMANTRAFFICKINGHOTLINE.ORG* ঠিকানায় ইমেইল করুন









# আপনার অধিকারগুলো জানুন

আপনি যখন মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন, তখন আপনার উল্লেখিত অধিকারসমূহ আছে:

- ন্যায্য বেতন পাবার
- স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মস্থলে কাজ করার
- বিভিন্ন ইউনিয়ন, অভিবাসী, এবং শ্রমিক অধিকার গোষ্ঠী থেকে সহায়তা চাইবার
- কোনও অ-নিরাপদ চাকুরি থেকে ইস্তফা দেয়ার
- বৈষম্য, হয়রানী, এবং কারো স্বার্থে ব্যবহৃত হওয়া থেকে মুক্ত থাকবার

**এই অধিকারগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য *MIGRANTWORKER.GOV* দেখুন**

**যদি আপনার অধিকার লঙ্ঘন হয়ে থাকে, তাহলে মানব পাচার সংক্রান্ত জাতীয় হটলাইনে 1-888-373-7888 নম্বরে ফোন করুন (মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে), 233733 নম্বরে "HELP" লিখে টেক্সট করুন (মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে), অথবা *HELP@HUMANTRAFFICKINGHOTLINE.ORG* ঠিকানায় ইমেইল করুন।**

**অভিবাসন অবস্থা বা স্ট্যাটাস যাই হোক না কেন, এই ফোন কলগুলো বেনামী, গোপন, এবং নিরাপদ। 200-টির বেশি ভাষায় সহায়তা দেয়ার জন্য প্রশিক্ষিত বিশেষজ্ঞগণ লভ্য আছেন। আরও জানতে *WWW.HUMANTRAFFICKINGHOTLINE.ORG* দেখুন**

**যুক্তরাষ্ট্রে থাকাকালে আপনি যদি কোনও আশু বিপদের সম্মুখীন হন, তবে স্থানীয় পুলিশকে 911 নম্বরে ফোন করুন।** জরুরী পরিস্থিতি, আপনার অবস্থান, এবং যে নম্বর থেকে ফোন করছেন সেটি জানিয়ে দেবেন। যদি প্রয়োজন হয়, দোভাষীগণ লভ্য আছেন।

আপনি যদি একটি A-3, G-5, H, J, NATO-7, TN, অথবা B-1 গৃহকর্মী অ-অভিবাসী বা ননইমিগ্র্যান্ট ভিসার জন্য আবেদন করে থাকেন, তবে আপনার এই ক্ষুদ্র পুস্তিকা বা প্যাম্ফলেট পাওয়া উচিত, হয়:

- আপনার ইস্যুকৃত ভিসার সাথে (যদি আপনার কোনও সাক্ষাৎকার হয়ে না থাকে), অথবা
- আপনার ভিসার সাক্ষাৎকারের সময়, আপনি একটি ভিসা পাবার আগে একজন কনস্যুলার অফিসার অবশ্যই নিশ্চিত করবেন যে আপনি এই ক্ষুদ্র পুস্তিকা বা প্যাম্ফলেটটি পেয়েছেন, পড়েছেন, এবং এর তথ্যগুলো বুঝেছেন।

যুক্তরাষ্ট্রের কনস্যুলার অফিসারগণ যুক্তরাষ্ট্রে আপনার অধিকারসমূহ বোঝাতে আপনাকে সহায়তা দিতে চান এবং আপনার কোনও প্রশ্ন থাকলে উত্তর দেয়ার জন্য লভ্য আছেন।

এছাড়াও আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ লেবার-এর কনস্যুলার পার্টনারশিপ প্রোগ্রাম-এর (CPP) মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে আপনার কনস্যুলেট থেকে সহায়তা

পেতে পারেন। CPP-এর মাধ্যমে, আপনার কনস্যুলেট আপনাকে সহায়তা করতে পারে, বিভিন্ন তথ্য-সংস্থান খুঁজতে সহায়তা করতে পারে, এবং আপনি যদি মনে করেন যে আপনার অধিকারগুলো লঙ্ঘিত হয়েছে তবে একটি অভিযোগ দায়ের করতে সহায়তা করতে পারে। অংশীদার দেশগুলোর একটি তালিকার জন্য, দেখুন: ***www.dol.gov//general//migrantworker//support***

# আপনার অভিবাসী অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) যাই হোক না কেন, আপনার বিভিন্ন অধিকার রয়েছে

আপনার অধিকার চর্চার কারণে আপনার নিয়োগদাতা আপনাকে চাকুরীচ্যুত করতে, অসদাচরণ করতে, অথবা বেতন প্রদানে অস্বীকৃতি জানাতে পারে না।

**আপনার অধিকার রয়েছে :**

### 1. ন্যায্য বেতন পাবার

- আপনার নিয়োগদাতাকে আপনার সকল কাজের জন্য অবশ্যই বেতন প্রদান করতে হবে। অধিকাংশ কাজের ক্ষেত্রে আপনার নিয়োগদাতাকে অবশ্যই কমপক্ষে ফেডারেল বৈধ ন্যূনতম মজুরি দিতে হবে।[1]
- আপনার নিয়োগদাতাকে অবশ্যই আপনাকে ন্যূনতম ফেডারেল মজুরির চাইতেও বেশি দিতে হবে, যদি:
  - আপনি কোনও স্টেট, সিটি, কাউন্টি, অথবা এমন কোনও স্থানে কাজ করেন যেখানে ন্যূনতম মজুরি বেশি।
  - আপনার চাকুরির চুক্তি অথবা ভিসা কর্মসূচি এটা আবশ্যক করে।
  - **আপনি যদি সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন, তবে আপনার নিয়োগদাতার আপনাকে অতিরিক্ত ঘন্টাগুলোর জন্য নিয়মিত মজুরির চেয়ে 1.5 গুণ বেশি পরিশোধ করতে হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি যদি ঘন্টা প্রতি $10 আয় করেন, তবে আপনি অতিরিক্ত প্রতি ঘন্টা প্রতি $15 পেতে পারেন।**
- আপনার নিয়োগদাতা যদি আপনার বেতন থেকে অর্থ কেটে রাখে, সেটা হলো বিয়োজন বা ডিডাকশন। আপনার আয় সংক্রান্ত লিখিত বিবৃতিতে (যেমন “পে-স্টাব”) প্রতিটি বিয়োজন বা ডিডাকশন অবশ্যই প্রদর্শন করবে। বিয়োজন বা ডিডাকশনগুলো আপনার স্বাধীনভাবে বেছে নেয়া বিভিন্ন বিষয়ের জন্য, যেমন স্বাস্থ্য-বিমা (হেলথ্ ইনস্যুরেন্স) অথবা ইউনিয়নের বকেয়া, এবং কিছু হতে পারে আবশ্যক নির্দিষ্ট কর বা ট্যাক্স।
- আপনার ইউনিফর্ম, নিরাপত্তামূলক সরঞ্জাম, আবশ্যক বিভিন্ন হাতিয়ার, সামগ্রী, সরঞ্জাম, অথবা নিয়োগের ফি হিসেবে আপনার নিয়োগদাতা সাধারণত আপনার বেতন বা পে-চেক থেকে অর্থ কেটে নিতে কিংবা আপনাকে অর্থ পরিশোধ করাতে পারে না। কিছু কিছু ভিসার ক্ষেত্রে, অবশ্যই বিনামূল্যে আবাসন প্রদান করতে হয়।

[1] বর্তমান ন্যূনতম মজুরির জন্য *www.dol.gov/whd/minimumwage.htm* দেখুন।



**পরামর্শ: আপনার থাকার সময়কালের উপর নির্ভর করে, আপনার হয়তো যুক্তরাষ্ট্রে থাকাকালে স্বাস্থ্য-বিমা বা হেলথ্ ইনস্যুরেন্স আবশ্যক হতে পারে। স্বাস্থ্য-বিমার বা হেলথ্ ইনস্যুরেন্সের খরচ কমাতে আপনি হয়তো আর্থিক সহায়তা লাভের জন্যও যোগ্য হতে পারেন।**

- আপনার নিয়োগদাতা আপনার মজুরি, কাজের ঘন্টা ও অন্যান্য অধিকারসমূহ নিয়ে কথা বলার কারণে, অভিযোগ দায়ের করার কারণে, বা মজুরি ও ঘন্টা বিষয়ক তদন্তে সহযোগিতা করার কারণে আপনার বিরুদ্ধে প্রতিশোধ নিতে, হয়রানী করতে, ভয় দেখাতে, অথবা নেতিবাচক পদক্ষেপ নিতে পারবে না।
- বিয়োজন বা ডিডাকশনগুলো আপনার স্বাধীনভাবে বেছে নেয়া বিভিন্ন বিষয়ের জন্য, যেমন স্বাস্থ্য-বিমা (হেলথ্ ইনস্যুরেন্স) অথবা ইউনিয়নের বকেয়া আপনার বেতন থেকে কেটে নেয়া হতে পারে। কিছু বিয়োজন বা ডিডাকশন নির্দিষ্ট কর বা ট্যাক্সের জন্য আবশ্যক হতে পারে।

**আপনার মজুরি এবং আপনার বেতনের বিবৃতি বা পে-চেক নিয়ে কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, 1-866-487-9243 নম্বরে ফোন করুন অথবা কোনো স্থানীয় ওয়েজ অ্যান্ড আওয়ার অফিসে (মজুরি এবং কাজের ঘণ্টা সংক্রান্ত অফিস) পরিদর্শন করুন:** *www.dol.gov/agencies/whd/contact/local-offices* ।

## 2. কোনো স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মস্থলে কাজ করা

**নিরাপদ কর্মস্থল:** আপনার নিয়োগদাতাকে অবশ্যই আপনার কর্মস্থল স্বাস্থ্যসম্মত এবং নিরাপদ রাখতে হবে।

**প্রশিক্ষণ:** আপনার নিয়োগদাতাকে অবশ্যই কাজের ঝুঁকিসমূহ, কীভাবে আঘাত-প্রাপ্তি কিংবা দুর্ঘটনা এড়ানো যায়, এবং আপনার কর্মস্থলের নিরাপত্তা ও স্বাস্থ্য বিধিসমূহ সম্পর্কে তথ্য জানাতে ও প্রশিক্ষণ দিতে হবে। এই প্রশিক্ষণ অবশ্যই আপনি যে ভাষা বোঝেন সেই ভাষাতে দিতে হবে।

**আবশ্যক নিরাপত্তামূলক সরঞ্জামসমূহ:** আপনার হাতমোজা বা গ্লাভস্ অথবা পড়ে যাওয়া থেকে সুরক্ষামূলক আবদ্ধক বা হার্নেস এবং রক্ষা-কবচের মতো প্রয়োজনীয় নিরাপত্তামূলক সরঞ্জাম পাবার অধিকার আছে, এবং আপনার নিয়োগদাতাকে অবশ্যই আপনাকে কীভাবে এসব সরঞ্জাম যথাযথভাবে ব্যবহার করতে হয় সেই প্রশিক্ষণ দিতে হবে।



পরামর্শ: মার্কিন যুক্তরাষ্ট্রে আসার আগে, বিভিন্ন অভিবাসী কর্মী সংগঠন অথবা প্রাক্তন অভিবাসী কর্মীর কাছ থেকে পরামর্শ নিন। তারা আপনাকে সেসব লোকের বা সংগঠনের নাম ও নম্বর দিতে পারে, যাদের সাথে আপনি যুক্তরাষ্ট্রে থাকাকালে কোনও সমস্যা হলে বা প্রশ্ন থাকলে যোগাযোগ করতে পারেন।

**কর্মস্থল-সম্পর্কিত আঘাত এবং অসুস্থতা রিপোর্ট করা:** আপনার কোনও আঘাত-প্রাপ্তি বা অসুস্থতা রিপোর্ট করার, এবং আপনার নিয়োগদাতার কাছ থেকে চিকিৎসা-সংক্রান্ত নথি-পত্রের কপি পাবার ও দেখার অধিকার আছে।

**নিরাপত্তা এবং স্বাস্থ্যগত অভিযোগ দাখিল:** আপনি যদি মনে করেন আপনার চাকুরি আপনার স্বাস্থ্যের জন্য নিরাপদ নয় কিংবা বিপজ্জনক, তবে আপনি (অথবা আপনার প্রতিনিধিত্বকারী অন্য কেউ) পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন-এর (অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন, OSHA) এর কাছে একটি গোপন অভিযোগ দায়ের করতে পারেন। যদি পারেন, তবে আপনার সাথে সাক্ষী হিসেবে আরেকজন কর্মীকে নিয়ে আসা একটি ভালো আইডিয়া হবে, যদি আপনার নিয়োগদাতাকে আপনার অনিরাপদ অবস্থা সম্পর্কে অবহিত করে থাকেন, এবং এছাড়াও আপনার উদ্বেগের বিষয়টি টেক্সট মেসেজ অথবা ইমেইলের মাধ্যমে শেয়ার করে থাকেন, সেক্ষেত্রে একটি লিখিত রেকর্ড থাকবে। OSHA পরিদর্শকের সাথে আপনি ব্যাক্তিগতভাবে এবং গোপনীয়তার সাথে কথা বলতে পারেন এবং পরিদর্শনের ফলাফল অথবা কর্মস্থলের ঝুঁকিগুলো অনুসন্ধানে কী কী পরীক্ষা করা হয়েছে তা দেখতে পারেন।

**প্রতিশোধ থেকে সুরক্ষা:** কর্মস্থলের বিপজ্জনক অবস্থা নিয়ে আপনি কথা বলতে পারেন। যদি আপনি বিশ্বাস করেন যে আপনার নিয়োগদাতা আপনার উদ্বেগ উত্থাপন করার জন্য আপনাকে শাস্তি দিচ্ছে, তবে আপনার OSHA-এর কাছে অভিযোগ দায়ের করার অধিকার আছে। যদি আপনি বিশ্বাস করেন যে উদ্বেগ উত্থাপন করার জন্য আপনাকে শাস্তি দেয়া হচ্ছে, তবে কথিত শাস্তিদানের 30 দিনের মধ্যে একটি অভিযোগ দায়ের করুন। আরও তথ্যের জন্য দেখুন: *www.whistleblowers.gov*

**OSHA কর্মী-অধিকারসমূহ সম্পর্কিত আরও তথ্যের জন্য, দেখুন:** *www.osha.gov/workers*

**স্বাস্থ্যগত চিকিৎসা:** আপনার প্রয়োজন হলে আপনি একজন ডাক্তার বা নার্সের সাথে দেখা করতে পারেন। আপনি যদি কর্মস্থলে আঘাতপ্রাপ্ত বা অসুস্থ হন, তবে আপনার নিয়োগদাতার আপনার চিকিৎসা সেবার খরচ এবং আপনার হারানো মজুরির কিছুটা অর্থ দেয়া উচিত।

ডাক্তার, ক্লিনিক, অথবা হাসপাতালের কাছ থেকে নথিপত্রের কপি চাইবেন। অধিকাংশ ক্ষেত্রে, আপনি যেখানে চাকুরি করেন সেই স্টেটে কর্মীদের ক্ষতিপূরণ (ওয়ার্কার্স কমপেনসেশন) দাখিল করতে পারেন, যা কাজের সাথে সম্পর্কিত আঘাতপ্রাপ্তি অথবা অসুস্থতার জন্য অর্থ পরিশোধ। এই কর্মী ক্ষতিপূরণ (ওয়ার্কার্স কমপেনসেশন) অনুরোধের জন্য আপনার স্থানীয় অফিস এখান থেকে খুঁজে নিন: *www.dol.gov/agencies/owcp/wc*

**আবাসন বা হাউজিং:** আপনার নিয়োগদাতা যদি আবাসন ব্যবস্থা করে, তবে সেটি অবশ্যই পরিস্কার ও নিরাপদ হওয়া উচিত। আপনার স্বাধীনভাবে বাসস্থান ছেড়ে চলে যাবার সুযোগ অবশ্যই থাকতে হবে।

**বাথরুম:** বাথরুম পরিস্কার এবং সহজেই যাওয়ার ব্যবস্থা থাকা উচিত। আপনার যখনই প্রয়োজন হবে তখনই আপনার নিয়োগদাতা আপনাকে বাথরুম ব্যবহার করতে দেয়া এবং আপনি যেন আপনার হাত ধুতে পারেন সেজন্য পানি ও সাবান কিংবা একই ধরণের পরিস্কার-পরিচ্ছন্নকারক সামগ্রী সহ ধোয়ার জন্য নির্ধারিত স্থানের ব্যবস্থা করা উচিত।

**পানীয় জল:** আপনার বিনামূল্যে বিশুদ্ধ পানীয় জল পাওয়ার অধিকার রয়েছে।

**তাপ:** OSHA এখতিয়ারাধীন নিয়োগদাতারা গুরুতর তাপমাত্রা থেকে আপনাকে অবশ্যই সুরক্ষা দেবে এবং উচ্চ তাপমাত্রার কারণে অসুস্থ হওয়া রোধে একটি কার্যক্রম থাকা উচিত।

আপনি যদি কীটনাশক অথবা বিপজ্জনক রাসায়নিক নিয়ে কিংবা সেগুলোর আশেপাশে কাজ করছেন, তবে আপনার নিয়োগদাতা অবশ্যই যা করবে:

- আপনার হাত ধোয়ার জন্য সাবান ও পানি আছে কিনা তা নিশ্চিত করা।
- কাজের জন্য প্রয়োজনীয় সঠিক সুরক্ষামূলক সরঞ্জাম সরবরাহ করা (যেমন একটি শ্বাস-প্রশ্বাসের সরঞ্জাম অথবা গ্লাভস) এবং কীভাবে এটি সঠিকভাবে ব্যবহার করবেন তা আপনাকে শেখানো।
- আপনাকে কর্মক্ষেত্রের রাসায়নিকগুলোর উপর অর্থ খরচ করে প্রশিক্ষণ দেয়া যাতে আপনি যে রাসায়নিকগুলো নিয়ে কাজ করছেন সেগুলোর ঝুঁকি বুঝতে পারেন।
- কোথায় এবং কখন কীটনাশক ছিটানো হয়েছিল এবং দুর্ঘটনাবশত কীটনাশকের সংস্পর্শে আসা এড়াতে কখন আবার সেখানে প্রবেশ করা নিরাপদ তা আপনাকে বলা। কীটনাশক প্রয়োগ করা হচ্ছে এমন স্থানগুলো এড়িয়ে চলুন।

**আপনি যদি মনে করেন যে আপনার কাজটি নিরাপদ নয় এবং আপনি একটি পরিদর্শন চান অথবা আপনার অধিকার সম্পর্কে আরও তথ্য চান, তবে 1-866-4-USA-DOL নম্বরে ফোন করুন অথবা ডিপার্টমেন্ট অভ লেবার-এর (শ্রম বিভাগ) ওয়েবসাইট দেখুন (*dol.gov* অথবা *migrantworker.gov*)।**

**আপনি যদি একজন H-2A কর্মী হন এবং আপনার কর্মস্থল, আবাসন বা পরিবহনগত স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কে প্রশ্ন বা উদ্বেগ থাকে, তবে 1-866-487-9243 নম্বরে ফোন করুন অথবা কোনো স্থানীয় ওয়েজ অ্যান্ড আওয়ার অফিসে (মজুরি এবং কাজের ঘণ্টা সংক্রান্ত অফিস) পরিদর্শন করুন: *www.dol.gov/agencies/whd/contact/local-offices*।**



### 3. বিভিন্ন ইউনিয়ন, অভিবাসী, এবং শ্রমিক অধিকার গোষ্ঠী থেকে সাহায্যের অনুরোধ করুন

অধিকাংশ ক্ষেত্রে, আপনার অধিকার আছে:

- আপনার নিয়োগদাতাকে আরও ভালো মজুরি অথবা কাজের পরিবেশের জন্য অনুরোধ করতে আপনার সহকর্মীদের সাথে যোগ দিন।
- আপনার কর্মস্থলে একটি ইউনিয়ন গঠন করুন, যোগ দিন, এবং সমর্থন করুন। **এই অধিকারগুলি সম্পর্কে আরও জানতে, দেখুন:** *www.nlrb.gov*
- ভালো মজুরি অথবা কাজের পরিবেশের জন্য গণ-বক্তৃতা, সমাবেশ এবং বিক্ষোভে অংশ নিন।

### 4. একটি কাজ থেকে ইস্তফা দেয়া

- আপনার নিয়োগদাতা যদি আপনার সাথে দুর্ব্যবহার করে অথবা আপনি যদি নিরাপদ বোধ না করেন তবে আপনাকে আপনার চাকরিতে থাকতে হবে না। **সাহায্যের জন্য আপনি 1-888-373-7888 নম্বরে জাতীয় মানব পাচার হটলাইনে যোগাযোগ করতে পারেন।**
- আপনি যদি আপনার নিয়োগদাতাকে ছেড়ে যান তবে আপনার অভিবাসনগত অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) আর বৈধ থাকবে না, তবে আপনি আপনার স্ট্যাটাস পরিবর্তন করতে সক্ষম হতে পারেন, অথবা আপনাকে স্পনসর করে এমন কোনও নতুন নিয়োগদাতার জন্য কাজ করতে পারেন। যদি আপনার নিয়োগদাতা কোনও শ্রম সংস্থা দ্বারা তদন্তের সম্মুখীন হয়, তবে আপনি (দেশ থেকে) অপসারিত হওয়া থেকে অস্থায়ী সুরক্ষা এবং একটি অস্থায়ী ওয়ার্ক পারমিট পেতে সক্ষম হতে পারেন। আরও তথ্যের জন্য, দেখুন: *www.dhs.gov/enforcement-labor-and-employment-laws*

**আপনার অভিবাসন অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) যাই হোক না কেন, আপনি যদি মনে করেন যে আপনি মানব পাচারের শিকার হয়েছেন তবে সহায়তা পেতে আপনি জাতীয় মানব পাচার হটলাইনে 1-888-373-7888 নম্বরে যোগাযোগ করুন অথবা ন্যাশনাল লেবার রিলেশনস্ বোর্ড-এর (জাতীয় শ্রম সম্পর্ক বোর্ড) সাথে 1-844-762-6572 নম্বরে ফোন করে রিজিওন্যাল ইমিগ্রেশন কোঅর্ডিনেটর-এর (আঞ্চলিক অভিবাসন সমন্বয়কারী) সাথে কথা বলতে চেয়ে অনুরোধ করুন।**

**শ্রমিকদের জন্য আরও তথ্য-সংস্থান এবং সুনির্দিষ্ট উদ্বেগে মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের কার সাথে যোগাযোগ করতে হবে, তা জানতে দেখুন:** *MigrantWorker.gov/TrabajadorMigrante.gov*

## 5. বৈষম্য ও হয়রানি মুক্ত থাকা।

- আপনার বয়স (যদি আপনি 40 বা বেশি বয়সী হন), লিঙ্গ, জাতি, জাতিগত উৎস এবং জাতিসত্ত্তা, বর্ণ, ধর্ম, বংশানুগতি সম্বন্ধীয় তথ্য (এতে অন্তর্ভুক্ত পারিবারিক চিকিৎসা সংক্রান্ত ইতিহাস), অথবা প্রতিবন্ধিতার কারণে আপনার নিয়োগদাতা আপনার সাথে ভিন্ন কিংবা অসদাচরণ করতে পারে না।
- **বৈষম্য বিষয়ক অভিযোগ দায়ের করতে, দেখুন:** *www.eeoc.gov/how-file-charge-employment-discrimination* **। আপনার নাগরিকত্বের অবস্থা বা স্ট্যাটাসের কারণে বৈষম্যের অভিযোগ দায়ের করতে, দেখুন:** *www.justice.gov/crt/filing-charge*।

**কেউ আপনাকে মৌখিকভাবে, শারীরিকভাবে বা যৌনভাবে হয়রানি করতে পারবে না।**

## 6. কারো সুযোগ গ্রহণের শিকার হবেন না।

- আপনাকে যৌন উপায়ে স্পর্শ করাসহ আপনার উপর যৌন সুযোগ গ্রহণ করার; বা চুম্বন, সহবাস, মৌখিক-যৌনক্রিয়া বা অন্যদের যৌনক্রিয়া দর্শনে আনন্দ লাভের মতো কোনও যৌন কাজ সম্পাদন করতে আপনাকে জোর করার, প্রতারণা করার বা বাধ্য করার অধিকার কারও নেই।
- শ্রম শোষণ এবং মানব পাচার সম্পর্কে আরও তথ্যের জন্য পৃষ্ঠা নং 12 দেখুন।

**যদি আপনি বিশ্বাস করেন যে আপনার অধিকার লঙ্ঘিত হয়েছে, তাহলে সেটা জাতীয় মানব পাচার হটলাইনে 1-888-373-7888 নম্বরে (মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে) অথবা এই ক্ষুদ্র পুস্তিকা বা প্যাম্ফলেটটির 15 এবং 16 নং পৃষ্ঠায় তালিকাভুক্ত ওয়েবসাইটগুলির একটিতে রিপোর্ট করুন। যদি আপনি ইংরেজি বলতে না পারেন, তবে একজন দোভাষী অনুরোধ করুন।**





পরামর্শ: আপনার নিয়োগদাতা, ঠিকাদার (কন্ট্রাক্টর), অথবা সংগ্রাহকের (রিক্রুটার) কাছ থেকে পাওয়া আইনি পরামর্শ পক্ষপাতদুষ্ট হতে পারে। একজন স্বাধীন আইনজীবীর কাছ থেকে পরামর্শ নিন।

# আপনার অ-অভিবাসী অবস্থার (ননইমিগ্র্যান্ট স্ট্যাটাস) উপর ভিত্তি করে অতিরিক্ত অধিকারসমূহ

## A-3, G-5, NATO-7, এবং B-1 গৃহকর্মী

আপনার নিয়োগদাতাকে অবশ্যই আপনাকে একটি কাজের চুক্তি দিতে হবে যা মার্কিন যুক্তরাষ্ট্রের আইনের অনুবর্তী, এতে অন্তর্ভুক্ত সেসব শর্তাবলী যার ফলে চুক্তিটি:

- আপনি বুঝতে পারেন এমন একটি ভাষায়।
- আপনার ঘন্টা-প্রতি মজুরি উল্লেখ করে, যা অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল, স্টেট অথবা স্থানীয় ন্যূনতম মজুরির মধ্যে সর্বোচ্চটি হতে হবে।
- নিয়োগদাতা বিনামূল্যে থাকা-খাওয়ার ব্যবস্থা করবে (যদি নিয়োগদাতার বাসভবনে বসবাস করেন) এবং যাওয়া-আসার বিমান ভাড়া সরবরাহ করবে, তা উল্লেখ করে।
- আপনার চাকরির মেয়াদ শেষ হবার আগে নিয়োগদাতার আপনাকে ঠিক কতদিন সময় দিতে হবে এবং যদি আপনি চাকরি ছেড়ে যাবার পরিকল্পনা করেন তবে আপনি কতদিন দেবেন তা উল্লেখ করে।
- যুক্তরাষ্ট্রে গৃহকর্মীদের জন্য আবশ্যক অন্য যেকোনো সুযোগ-সুবিধা অন্তর্ভুক্ত করে যেমন সবেতন বিরতি, বেতনহীন অসুস্থতা-জনিত ছুটি, এবং কর্মীর জন্য ক্ষতিপূরণ।

**আপনি চুক্তিটি বুঝেছেন এবং এর একটি অনুলিপি পেয়েছেন তা নিশ্চিত করুন। আপনি যদি এটাতে কী বলা হয়েছে তা বুঝতে না পারেন তবে কোনও চুক্তিতে স্বাক্ষর করবেন না।**

## A-3, G-5, এবং NATO-7 গৃহকর্মীদের জন্য অতিরিক্ত শর্তাবলী

**চুক্তিতে ন্যূনতম যেসব বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত হবে:**

- যুক্তরাষ্ট্রের সকল আইন অনুসরণ করা সংক্রান্ত আপনার নিয়োগদাতার দ্বারা একটি চুক্তি।
- আপনাকে কত দিন পর পর বেতন দেওয়া হবে, কীভাবে আপনাকে বেতন দেওয়া হবে,



আপনার কাজের দায়িত্ব, সাপ্তাহিক কত ঘন্টা কাজ, ছুটির দিন বা হলিডে, অসুস্থতা-জনিত ছুটি, এবং অবকাশের দিনসমূহ সম্পর্কিত তথ্য।


- আপনার পাসপোর্ট, কর্মসংস্থান চুক্তি, বা অন্যান্য ব্যক্তিগত জিনিসপত্র আপনার কাছ থেকে রেখে দেবে না এই মর্মে আপনার নিয়োগদাতা কর্তৃক একটি চুক্তি।

## H-2A সাময়িক কৃষি শ্রমিক ভিসা

- চাকরি পাওয়ার জন্য আপনার কখনোই ফি দেয়া উচিত নয়। যদি কেউ আপনাকে ফি দিতে বলে, এবং আপনি যদি তখনও নিজের দেশে থাকেন তবে আপনার স্থানীয় মার্কিন দূতাবাস কিংবা কনস্যুলেটের সাথে যোগাযোগ করুন অথবা আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রে থাকেন তবে 1-866-487-9243 নম্বরে ওয়েজ অ্যান্ড আওয়ার ডিভিশন-এর (মজুরি এবং ঘন্টা বিভাগ) সাথে যোগাযোগ করুন।
- আপনার নিয়োগদাতা কিংবা আপনার নিয়োগদাতার সাথে কাজ করছে এমন কেউ আপনাকে জোর করে দেনাগ্রস্ত করতে অথবা আপনাকে দেনা পরিশোধে বাধ্য করতে পারে না। **যদি এটি ঘটে, তবে আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন তবে 1-888-373-7888 নম্বরে ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং (জাতীয় মানব পাচার) হটলাইনে অথবা নিজ দেশে থাকলে আপনার স্থানীয় মার্কিন দূতাবাস বা কনস্যুলেটে ফোন করুন।**

আপনার নিয়োগদাতা অবশ্যই:

- আপনার কাজের আদেশপত্র বা চুক্তিতে উল্লেখিত হার অনুযায়ী, এবং আপনার কাজের চুক্তিতে উল্লেখিত সময় অনুযায়ী আপনি যেসব কাজ করবেন তার জন্য, মাসে অন্তত দুবার, আপনাকে অর্থ প্রদান করবে। বেতনের হার ফেডারেল, স্টেট, অথবা স্থানীয় ন্যূনতম মজুরির চেয়ে বেশি হতে পারে।
- আপনার নিয়োগ-স্থান থেকে কর্মস্থলে যেতে পরিবহনের ব্যবস্থা করবে বা সেজন্যে অর্থ প্রদান করবে, এবং সেই ভ্রমণের সময় প্রতিদিনের খাবারের জন্য অথবা আপনার কাজের চুক্তি অনুযায়ী ঠিক করা কাজের সময়ের অর্ধেকটা কাজ সম্পন্ন করলেই এইসব খরচের অর্থ আপনাকে প্রদান করবে।
- আপনার কাজের প্রথম কর্মসপ্তাহে আপনার কর্মস্থলে আসা-যাওয়ার খরচ এবং ভিসার খরচ থেকে আপনার বেতন বিয়োগ করলে যদি তা যুক্তরাষ্ট্রের ন্যূনতম মজুরির চেয়ে কম হয়, তবে তা পরিশোধ করবে।



**আপনি যদি একজন H-2A বা H-2B কর্মী হন এবং আপনার অধিকারসমূহ সম্পর্কে প্রশ্ন বা উদ্বেগ থাকে, তবে 1-866-487-9243 নম্বরে ফোন করুন অথবা স্থানীয় ওয়েজ অ্যান্ড আওয়ার অফিসে (মজুরি এবং ঘন্টা বিষয়ক অফিস) দেখা করুন: *www.dol.gov/agencies/whd/contact/local-offices***

## H-2A সাময়িক কৃষি কর্মীদের জন্য

আপনার নিয়োগদাতা অবশ্যই:

- আপনি যে ভাষা বোঝেন সেই ভাষায় আপনাকে একটি লিখিত কাজের চুক্তি দেবে। এতে অবশ্যই আপনার বেতন, চাকরির মেয়াদ, কাজের দৈনিক সময়কাল, বিভিন্ন সুযোগ-সুবিধা (যেমন পরিবহন, আবাসন এবং খাবার অথবা রান্নার ফ্যাসিলিটি), এবং আপনার বেতন থেকে যেকোনো বিয়োজন বা ডিডাকশন সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত হবে। আপনি যুক্তরাষ্ট্রে একটি H-2A চাকুরিরত অবস্থায় যুক্তরাষ্ট্রের সোশ্যাল সিকিউরিটি এবং মেডিকেয়ারের জন্য আপনার বেতন বা পে-চেক থেকে কোনও বিয়োজন বা ডিডাকশন করা উচিত নয়।
- বিনাখরচে আপনাকে নিরাপদ এবং পরিচ্ছন্ন আবাসন প্রদান করবে।
- তারা আপনাকে যে আবাসন দিয়েছে সেখান থেকে কর্মক্ষেত্রে বিনামূল্যে পরিবহনের ব্যবস্থা করবে।
- সমস্ত প্রয়োজনীয় নিরাপত্তামূলক সরঞ্জামসহ যথাযথ ইনস্যুরেন্স বা বিমাকৃত যানবাহনে লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভারদের দ্বারা নিরাপদ পরিবহন ব্যবস্থা করবে।
- দিনে 3 বেলা খাবার, অথবা বিনাখরচে ও আপনার ব্যবহারের জন্য সহজ এমন একটি রান্নার স্থান প্রদান করবে।
- সরকারী কর্মী বা আইনি সহায়তাদানকারীগণ, যারা আপনার অধিকার সম্পর্কে অবহিত করতে এবং আপনাকে অভিযোগ দায়েরে সহায়তা করতে পারে, তাদের সাথে দেখা করতে বাধা দেবে না কিংবা আপনাকে শাস্তি দেবে না।
- আপনার কাজের চুক্তিতে বর্ণিত চুক্তির মেয়াদকাল শেষ হবার পর কাজের স্থান থেকে আপনাকে দেশে আপনার বাড়িতে ফিরে যেতে পরিবহন, থাকবার জায়গা এবং খাবার সরবরাহ বা অর্থ প্রদান করবে ।
- আপনাকে কাজের চুক্তিতে উল্লেখিত কর্মদিবসের কমপক্ষে 3/4 দিবসে কাজ করার প্রস্তাব করবে অথবা প্রস্তাব না করা ঘন্টাগুলোর জন্য আপনাকে অর্থ প্রদান করবে।

## H-2B সাময়িক অ-কৃষি কর্মীদের জন্য

আপনার নিয়োগদাতা অবশ্যই:

- আপনি যে ভাষা বোঝেন সেই ভাষায় আপনাকে লিখিত কার্যাদেশ দেবে। এতে অবশ্যই আপনার বেতন, চাকরির মেয়াদ, কাজের দৈনিক সময়কাল, নিয়োগদাতা স্বেচ্ছায় যেসব সুযোগ-সুবিধা প্রদান করে (যেমন পরিবহন, আবাসন এবং খাবার অথবা রান্নার ফ্যাসিলিটি), এবং আপনার বেতন থেকে যেকোনো বিয়োজন বা ডিডাকশন সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত হবে।
- আপনি যদি আপনার কাজের চুক্তিতে বর্ণিত সময়সীমা শেষ করেন বা আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার কাজের মেয়াদ শেষ হওয়ার আগে যেতে দেয় তবে কর্মস্থল থেকে আপনার দেশে আপনার বাড়িতে পরিবহন, বাসস্থান এবং খাবারের জন্য অর্থ প্রদান করা।

## J-1 এক্সচেঞ্জ ভিজিটর ভিসা

- আপনার স্বাক্ষরিত ফর্ম DS-2019 আপনার প্রোগ্রামের তারিখ, প্রোগ্রামের শ্রেণি, আপনার স্পনসরের নাম এবং আপনার এক্সচেঞ্জ প্রোগ্রামটি কোথায় অনুষ্ঠিত হবে তা ব্যাখ্যা করে। আপনার প্রোগ্রাম চলাকালে অর্থায়ন, কর্মকাণ্ডের স্থান, এবং প্রোগ্রামের তারিখগুলিতে কোনও পরিবর্তন প্রতিফলন করতে আপনার স্পনসর অবশ্যই আপনার DS-2019 ফর্মটি হালনাগাদ করতে হবে।
- আপনার স্পনসর অবশ্যই আপনার এক্সচেঞ্জ প্রোগ্রামের সমস্ত ব্যয়, শর্তাদি এবং নিয়মগুলি ব্যাখ্যা করবে, এতে অন্তর্ভুক্ত আপনি যে কাজ করতে সম্মত হয়েছে সেটার লিখিত বিবৃতি, আপনাকে কত অর্থ প্রদান করা হবে, এবং প্রযোজ্য হলে আপনার কত ঘন্টা কাজ করার প্রত্যাশা করা উচিত। **যদি আপনার জরুরি স্বাস্থ্য, সুরক্ষা, অথবা কল্যাণ বিষয়ক উদ্বেগ থাকে, তবে অনুগ্রহ করে জে-ভিসা (J-Visa) ইমার্জেন্সি হটলাইনে যোগাযোগ করুন: 1-866-283-9090। সাধারণ প্রশ্নাবলী অথবা সমস্যা থাকলে, অনুগ্রহ করে ইমেল করুন:** ***Jvisas@state.gov***
- আপনার স্পনসরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার চিকিৎসা, প্রত্যাবাসন, এবং ইভাক্যুয়েশন বা অপসারণ ইনস্যুরেন্স কভারেজ রয়েছে, তবে তাদের সেটা সরবরাহ অথবা অর্থ প্রদান করার প্রয়োজন নেই।

পরামর্শ: আপনার নিয়োগদাতাকে অবশ্যই আপনাকে সময়মত বেতন দিতে হবে। মার্কিন যুক্তরাষ্ট্রে কর্মীদের প্রতি দুই সপ্তাহে একবার বেতন দেয়া একটি সাধারণ চর্চা, যদিও আপনার কাজের চুক্তি অনুসারে বেতন প্রাপ্তির সময়সূচি ভিন্ন হতে পারে।




## গ্রীষ্মে চাকুরি সংক্রান্ত ভ্রমণ

আপনি যদি কোনো ভিসা-ছাড় পাওয়া দেশ থেকে এসে থাকেন এবং কোনও চাকুরি ছাড়া যুক্তরাষ্ট্রে উপস্থিত হলে, এক সপ্তাহ কাজ খোঁজার পর আপনার স্পনসর অবশ্যই আপনাকে চাকুরি খুঁজতে সহায়তা করবে। তাদের প্রোগ্রাম চলাকালে গ্রীষ্মে চাকুরি সংক্রান্ত ভ্রমণে অংশগ্রহণকারীরা চাকুরি পরিবর্তন করতে চাইলে স্পনসরগণ অবশ্যই তাদেরকে যুক্তিসঙ্গত সহায়তা প্রদান করবেন। গ্রীষ্মে চাকুরি সংক্রান্ত ভ্রমণ কর্মসূচিতে (সামার ওয়ার্ক ট্র্যাভেল প্রোগ্রাম) সকল অংশগ্রহণকারীগণ প্রোগ্রামের প্রবিধানমালায় যেভাবে বর্ণিত আছে সেভাবে কাজ শুরু করার আগে স্পনসরদেরকে অবশ্যই অংশগ্রহণকারীদের প্রাথমিক এবং কোনও অতিরিক্ত কার্যস্থান মূল্যায়ন এবং নিশ্চিত করতে হবে।

## শিক্ষানবিস অথবা প্রশিক্ষণার্থী

আপনার স্পনসর অবশ্যই আপনাকে একটি প্রশিক্ষণ/শিক্ষানবিস আসনদান পরিকল্পনা (ইন্টার্নশিপ প্লেসমেন্ট প্ল্যান) (ফর্ম DS-7002) দেবেন যেখানে আপনি যা উপার্জন করবেন সেটার লিখিত বিবৃতি এবং প্রোগ্রামের প্রশিক্ষণের লক্ষ্যগুলোর একটি সংক্ষিপ্তসার অন্তর্ভুক্ত থাকবে। আপনি অবশ্যই প্রতি সপ্তাহে অন্তত 32 ঘণ্টা কাজ পাবেন।

আপনার স্পনসরকে আপনার যেসব খরচ ও ফি বহন করতে  হবে এবং যুক্তরাষ্ট্রে জীবনযাত্রার ব্যয়ের আনুমানিক পরিমাণের একটি লিখিত বিবরণী দিতে হবে।

আপনার স্পনসরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার চিকিৎসা, ইভাক্যুয়েশন বা অপসারণ, এবং প্রত্যাবাসন সংক্রান্ত ইনস্যুরেন্স কভারেজ রয়েছে, তবে তাদের সেটা সরবরাহ অথবা অর্থ প্রদান করার প্রয়োজন নেই।

## অ্যাও পেয়ার (গৃহস্থালী কাজের বিনিময়ে থাকা-খাওয়া)

আপনার আতিথ্যদানকারী পরিবার আপনাকে অবশ্যই মাধ্যমিক-পরবর্তী প্রতিষ্ঠানে নথিভুক্ত করতে এবং ক্লাসে অংশ নিতে সহায়তা করতে হবে এবং সেই ক্লাসগুলির জন্য $500 ডলার পর্যন্ত ব্যয় করতে হবে।  আপনি যদি একজন এডুকেয়ার অ্যাও পেয়ার হন, তবে আপনাকে আতিথ্যদানকারী পরিবার এই ক্লাসগুলির জন্য অবশ্যই $1,000 পর্যন্ত পরিশোধ করবে।

আপনাকে প্রতিদিন 10 ঘন্টা বা প্রতি সপ্তাহে 45 ঘন্টার বেশি কাজ করতে হবে না। আপনি যদি একজন এডুকেয়ার অ্যাও পেয়ার হন, তবে আপনাকে প্রতিদিন 10 ঘন্টা বা প্রতি সপ্তাহে 30 ঘন্টার বেশি কাজ করতে হবে না।

আপনার স্থানীয় পরামর্শদাতা (কাউন্সেলর) অবশ্যই প্রতি মাসে আপনার সাথে যোগাযোগ করবে এবং নিয়মিত আপনার আতিথ্যদানকারী পরিবারের কাছ থেকে খোঁজ-খবর নেবেন।



# আপনার অ-অভিবাসী বা ননইমিগ্র্যান্ট ভিসা

একটি অ-অভিবাসী বা ননইমিগ্র্যান্ট ভিসা হলো যুক্তরাষ্ট্র সরকারের একটি প্রমাণ-পত্র যা মানুষকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিভিন্ন সুনির্দিষ্ট কারণে আসতে দেয়, যেমন চাকুরি করতে, শিক্ষা অর্জনে, অথবা কোনও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রমে যোগদানের জন্য। **আপনাকে দেশের বাহিরে মার্কিন যুক্তরাষ্ট্রের কোনও দূতাবাস বা কনস্যুলেটে ভিসার জন্য আবেদন করতে হবে** (দ্রষ্টব্য: কানাডার নাগরিকরা প্রবেশ বন্দরে J-1 স্ট্যাটাসে প্রবেশের জন্য আবেদন করে)। ভিসা পাবার পর, আপনি মার্কিন যুক্তরাষ্ট্রে ভ্রমণ করতে পারেন এবং প্রবেশ করতে সেটা যুক্তরাষ্ট্রের অভিবাসন কর্মকর্তাকে ("CBP অফিসার") দেখাতে পারেন। যদি আপনার ভিসার মেয়াদ শেষ হয়ে যায়, তাহলে মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরে আসার আগে আপনাকে একটি নতুন ভিসা নিতে হবে। ভিসা আবেদন প্রক্রিয়া এবং আপনার যুক্তরাষ্ট্রের ভিসা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য, দেখুন: *usvisas.state.gov.*

যখন কোনও CBP অফিসার আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেন, তখন একটি I-94 ফর্ম ইলেক্ট্রনিক বা বৈদ্যুতিনভাবে তৈরি করা হবে (কখনও কখনও এটি একটি কাগজের নথি হতে পারে)। I-94 ফর্মটি আপনার প্রবেশের তারিখ, ভিসার ধরন এবং যে তারিখে আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে হবে সেই তারিখ দেখাবে। আপনি যদি মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার (ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস) (USCIS) কাছে থাকার মেয়াদ বাড়ানোর জন্য আবেদন দাখিল না করে থাকেন তবে আইনত থাকার জন্য আপনার "প্রবেশের শেষ তারিখের" (admit until) আগে আপনাকে অবশ্যই যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে হবে। **আপনি আপনার I-94 নথিপত্র এখানে দেখতে পারেন:** *https://i94.cbp.dhs.gov*




# মানব পাচার

মানব পাচার (হিউম্যান ট্রাফিকিং), যা "ট্রাফিকিং ইন পার্সন" হিসেবেও পরিচিত, একটি গুরুতর অপরাধ যেখানে মানুষ অন্য মানুষকে শ্রম কিংবা বিভিন্ন পরিষেবা আদায়ে অথবা বাণিজ্যিক যৌন ক্রিয়ায় সম্পৃক্ত হতে বাধ্য করার জন্য বল প্রয়োগ, জালিয়াতি, কিংবা জবরদস্তি ব্যবহার করে। যদি 18 বছরের কম বয়সী কোনও ব্যক্তি বাণিজ্যিক যৌন ক্রিয়ায় সম্পৃক্ত থাকে, তবে কোনও বল প্রয়োগ, জালিয়াতি, বা জবরদস্তি ব্যবহার না করা হলেও এটি মানব পাচার হিসেবে বিবেচিত হবে। কোনও বাণিজ্যিক যৌন ক্রিয়া হলো যৌনকাজের জন্য মূল্য আছে এমন কিছু (এতে অন্তর্ভুক্ত আবাসন, সুরক্ষা, খাদ্য, অর্থ) বিনিময়।

**জাতীয় মানব পাচার (ন্যাশনাল ইউম্যান ট্রাফিকিং) হটলাইন প্রয়োজনীয় বিভিন্ন পরিষেবা এবং স্থানীয় সহায়তায় রেফারেল দিতে সাহায্য করতে পারে। যদি আপনি বা আপনার পরিচিত কেউ নিম্নোক্ত এক বা একাধিকগুলোর সম্মুখীন হয়েছে তবে জাতীয় মানব পাচার (ন্যাশনাল ইউম্যান ট্রাফিকিং) হটলাইনের সাথে 1-888-373-7888 নম্বরে যোগাযোগ করুন:**

### হুমকির সম্মুখীন হওয়া অথবা ভয় পাওয়া

কেহই হুমকি, ভয়, এবং অন্য কোনো ধরণের ভীতি-প্রদর্শন ব্যবহারের মাধ্যমে আপনার কিংবা অন্যদের মাঝে আতঙ্ক সৃষ্টি করে দেশ ত্যাগ করানোর চেষ্টা করতে পারে না। উদাহরণসমূহে অন্তর্ভুক্ত:

- আপনাকে বা অন্যদের আঘাত করা, শারীরিকভাবে যন্ত্রণা দেয়া, অথবা যৌন নির্যাতন করা;

- আপনাকে বা অন্যদের আঘাত বা নির্যাতন, অথবা যৌন নির্যাতনের হুমকি দেয়া;
- আপনাকে আপনার কাজ বা আবাসস্থল ত্যাগ করতে বাধা দেয়া;
- যেকোনো কারণে, আপনার বা আপনার সেবার অধীনে থাকা কারও জন্য ঔষধ সংগ্রহ আটকে রাখা বা বাধা দেয়া;
- আপনি দুর্ব্যবহারের অভিযোগ করলে, পরিস্থিতির কথা রিপোর্ট করলে, অথবা সাহায্য চাইলে আপনাকে বা আপনার পরিবারকে আঘাত করার, দেশ থেকে বিতারিত (ডিপোর্ট) করার অথবা গ্রেপ্তার করার হুমকি দেয়া;
- যারা চলে যাওয়ার চেষ্টা করেছে, অভিযোগ করেছে, পরিস্থিতি সম্পর্কে রিপোর্ট করেছে অথবা সাহায্য পাওয়ার চেষ্টা করেছে তাদের আঘাত করা; অথবা
- মানুষকে নিষিদ্ধ-তালিকাভুক্ত করার হুমকি দেয়া যাতে তারা যুক্তরাষ্ট্রে আবার কাজ করতে না পারে।

## কোনো ঋণ পরিশোধের জন্য কিছু করতে বাধ্য হওয়া

কোনও ব্যক্তি আপনাকে শ্রম, বিভিন্ন পরিষেবা, কিংবা বাণিজ্যিক যৌন ক্রিয়াকলাপ করতে বা চালিয়ে যেতে অথবা আপনার চলে যাওয়ায় বাধা দিতে পারে না। কোনও ব্যক্তি হঠাৎ করে আপনার ঋণ পরিবর্তন করতে পারে না যাতে আপনার জন্য ঋণ পরিশোধ করা কষ্টসাধ্য হয় কিংবা আপনার মনে হয় যে ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত আপনাকে কাজ চালিয়ে যেতে হবে। উদাহরণসমূহে অন্তর্ভুক্ত:

- আপনাকে বলা যে আপনার ঋণের পরিমাণ বিশাল যা একটি যুক্তিসঙ্গত সময়ে পরিশোধ করা কঠিন;
- আপনি যতটুকুতে সম্মত হয়েছেন আপনার ঋণের পরিমাণ তার চেয়ে বেশি, অথবা এমন কিছু যা আপনি আগে সম্মত হননি তা দাবি করা;
- পরিবহন, বাসস্থান, খাদ্য, এবং অন্যান্য খরচের জন্য ফি যোগ করা যাতে আপনি আগে সম্মত হননি; এবং
- নিয়ম ভঙ্গ করার জন্য, যথেষ্ট উপার্জন না করার জন্য, অথবা যথেষ্ট শ্রম, পরিষেবা, বা বাণিজ্যিক যৌন কাজ না করার জন্য ফি, অর্থদণ্ড, অথবা জরিমানা যোগ করা।

**পরামর্শ:** আপনার নিয়োগদাতা আপনাকে লক্ষ্য করে কোনও অযথাযথ মন্তব্য করলে এবং/অথবা আপনার বিরুদ্ধে পদক্ষেপ নিয়ে থাকলে সেগুলোর বিস্তারিত রেকর্ড রাখুন এবং সাক্ষীদের নাম ও ফোন নম্বর লিখে রাখুন।

### প্রস্থান করতে, প্রতিবাদ করতে, অথবা সাহায্য চাইতে না পারা

কোনও ব্যক্তি আপনাকে বা অন্যদের প্রস্থান করতে, প্রতিবাদ করতে, অথবা সহায়তা পেতে বাধা দিতে পারে না। উদাহরণসমূহে রয়েছে আপনাকে বলা যে আপনি কর্মস্থল ছেড়ে যেতে পারবেন না অথবা আপনি যখন কাজ করছেন না তখন আপনি কোথায় যেতে পারবেন তা সীমাবদ্ধ করা।

- আপনার পাসপোর্ট, ভিসা, জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট), অথবা অন্যান্য শনাক্তকরণ নথিপত্র সর্বদা আপনার জন্য সহজলভ্য হওয়া উচিত। কেউ এগুলো আপনার কাছ থেকে সরিয়ে রাখতে পারে না ;
- আপনার, প্রয়োজন অনুযায়ী পর্যাপ্ত খাবার, বিশ্রাম, ঘুম, অথবা চিকিৎসা সহায়তা পাওয়া উচিত। কেউ এসব বিষয় সীমিত করতে পারে না ; এবং
- আপনার পরিবার, কর্মক্ষেত্রের অন্যান্য ব্যক্তি, কাস্টমার, অথবা আপনার প্রয়োজন এমন অন্য কারও সাথে আপনার কথা বলতে সক্ষম হওয়া উচিত, যেমন আইনি কিংবা সামাজিক পরিষেবার যোগাযোগ কর্মী (সোশ্যাল সার্ভিস আউটরিচ ওয়ার্কার)। কেউ আপনাকে অবাধে যোগাযোগ করতে বাধা দিতে অথবা আপনি যা বলছেন তা নজরদারি করতে পারে না।

### মিথ্যা বলা হলে

কেউ আপনাকে কাজ বা বাণিজ্যিক যৌন কাজ করতে বাধ্য করার জন্য মিথ্যা বলতে বা প্রতারণা করতে পারে না। মিথ্যা বলা এবং প্রতারণার উদাহরণের মধ্যে রয়েছে:

- কাজের ধরণ, কাজের সময়, কাজের পরিবেশ, জীবনযাত্রার মান, অথবা বেতন সম্পর্কে মিথ্যা প্রতিশ্রুতি দেয়া;
- আপনাকে দীর্ঘ সময়, খারাপ পরিস্থিতি, কিংবা প্রতিশ্রুত বেতনের চেয়ে কম বেতনে কাজ করানো;
- আপনাকে বলা যে আপনার কোনও অধিকার নেই;
- আপনাকে বলা যে আপনি যদি চলে যাওয়ার চেষ্টা করেন বা সাহায্য চান তবে আপনাকে বিশ্বাস করা হবে না কিংবা ডিপোর্ট বা দেশে ফেরত পাঠিয়ে দেয়া হবে; অথবা
- আপনার নিয়োগদাতা অথবা অন্যান্য কর্মীদের সম্পর্কে আপনাকে মিথ্যা বলতে বলা।
- মিথ্যা প্রতিশ্রুতিগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে, উদাহরণস্বরূপ, আপনি একজন দক্ষ নার্স হিসেবে চাকুরি পাবেন বলা হবে, তবে এরপর আপনাকে একটি নার্সিং হোম পরিষ্কার করতে বাধ্য করা হবে; অথবা আপনি একজন ন্যানি হবেন বলা হবে, তবে এরপর আপনাকে অশালীন নৃত্য কিংবা বাণিজ্যিক যৌন ক্রিয়াকলাপ করতে বাধ্য করবে।

## আপনি যদি নির্যাতনের অভিযোগ করেন তবে আপনার নিয়োগদাতা কি আপনাকে দেশে ফেরত পাঠিয়ে (ডিপোর্ট) দিতে পারে?

যেসব ব্যক্তি অপব্যবহার বা দুর্ব্যবহার রিপোর্ট করে তাদের সুরক্ষার জন্য বিভিন্ন কার্যক্রম রয়েছে। এই কার্যক্রমগুলি আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে থাকার সুযোগ করে দিতে পারে, এমনকি যদি আপনি আপনার নিয়োগদাতাকে ইস্তফাও দিয়ে থাকেন। আপনার অভিবাসন নিয়ে উদ্বেগ থাকলেও আপনার সাহায্য চাইতে ভয় পাওয়া উচিত নয়। **আপনার বিকল্পগুলি বুঝতে 1-888-373-7888 নম্বরে ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং (জাতীয় মানব পাচার) হটলাইনে ফোন করুন।** ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং (জাতীয় মানব পাচার) হটলাইন সরকার বা আইন প্রয়োগকারী সংস্থা দ্বারা পরিচালিত হয় না।




পরামর্শ: আপনি মার্কিন যুক্তরাষ্ট্রে পৌঁছুবার পর, আপনার পাসপোর্ট এবং অন্যান্য ভ্রমণ সংক্রান্ত নথি বা ডকুমেন্ট একটি নিরাপদ স্থানে রাখুন, এমন স্থানে যেখানে আপনি সর্বদা সেগুলি পেতে পারেন। আপনার নিয়োগদাতার আপনার পাসপোর্ট নিয়ে নেয়া অবৈধ।

# উল্লেখিত বিষয়ে আরও তথ্যের জন্য:

- ভিসা আবেদন প্রক্রিয়া এবং আপনার মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা: *usvisas.state.gov*।
- মানব পাচার: *www.state.gov/j/tip*।
- J-1 ভিসা এক্সচেঞ্জ ভিজিটর প্রোগ্রাম: *j1visa.state.gov*।
- সমতা, এবং আপনার জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ (এতে অন্তর্ভুক্ত গর্ভাবস্থা), জাতীগত উত্স, বয়স (৪০ বা এরচেয়ে বেশি), প্রতিবন্ধিতা অথবা বংশানুগতি সম্বন্ধীয় তথ্যের কারণে কর্মক্ষেত্রে বৈষম্য থেকে মুক্ত হওয়ার, এবং বৈষম্যের অভিযোগ দায়ের করার জন্য আপনার অধিকার: *www.eeoc.gov*।
- আপনার কর্মক্ষেত্রের নিরাপত্তার অধিকার, অথবা আপনি যদি মনে করেন যে আপনার কাজটি অনিরাপদ এবং আপনি পরিদর্শনের অনুরোধ করতে চান: *www.osha.gov*।
- আপনার পক্ষ হয়ে আপনার নিয়োগদাতার কাছ থেকে অপরিশোধিত মজুরি সংগ্রহ করা হয়েছে কিনা তা কীভাবে খুঁজে বের করবেন: *webapps.dol.gov/wow*।
- আপনার ন্যায্য পারিশ্রমিক পাওয়ার অধিকার: *www.dol.gov/WHD/immigration*।
- মজুরি সংক্রান্ত অভিযোগ কীভাবে দায়ের করবেন: *https://www.dol.gov/agencies/whd/contact/complaints*।
- আপনার নাগরিকত্বের অবস্থা বা স্ট্যাটাসের কারণে বৈষম্যের মুখোমুখি না হওয়ার এবং বৈষম্যের অভিযোগ দায়ের করার আপনার অধিকার: *www.justice.gov/crt/filing-charge*।
- আপনার বেতন বৃদ্ধি বা কাজের পরিবেশ উন্নত করার জন্য অন্যান্য কর্মীদের সাথে আপনার যোগদানের অধিকার, এতে অন্তর্ভুক্ত কীভাবে একটি অভিযোগ দায়ের করবেন: *www.nlrb.gov*।
- স্বাস্থ্য বিমা বা হেলথ্ ইনস্যুরেন্সে আপনার অধিকার, বাধ্যবাধকতা এবং অব্যাহতি: *localhelp.healthcare.gov* (ইংরেজি) এবং *ayudalocal.cuidadodesalud.gov* (স্প্যানিশ)।
- আপনি যদি অপরাধের শিকার হন তবে আপনার অধিকারসমূহ। ক্রাইম ভিক্টিমস্ রাইটস্ অ্যাক্ট বা অপরাধে ভুক্তভোগীদের অধিকার আইন: *https://www.justice.gov/criminal/criminal-vns/victim-rights-derechos-de-las-v-ctimas*
- I-94: *https://i94.cbp.dhs.gov/I94*
- অনলাইনে সম্ভাব্য নিয়োগদাতার আবেদনের অবস্থা (স্ট্যাটাস), USCIS-এর আবেদনের অবস্থা (স্ট্যাটাস): *https://egov.uscis.gov*
- মানব পাচার সম্পর্কিত USCIS-এর তথ্য-সংস্থান:
    - *https://www.dhs.gov/blue-campaign/resources-available-victims*

- *https://www.uscis.gov/humanitarian/victims-of-human-trafficking-and-other-crimes*

- USCIS কার্যক্রমসমূহ যা T এবং U অ-অভিবাসী অবস্থার (ননইমিগ্রেশন স্ট্যাটাস) মতো কর্মীদের জন্য অভিবাসন সুবিধা প্রদান করে:
  - *https://www.uscis.gov/humanitarian/victims-of-human-trafficking-and-other-crimes*

- শরণার্থী সুযোগ-সুবিধাসমূহ এবং মানব পাচার সংক্রান্ত হলে কেস ব্যবস্থাপনা পরিষেবাসমূহ, সেক্ষেত্রে অফিস অন ট্রাফিকিং ইন পার্সনস-এর (OTIP) ওয়েবসাইট দেখুন -
  - *https://www.acf.hhs.gov/otip/victim-assistance/child-eligibility-letters*
  - *https://www.acf.hhs.gov/otip/victim-assistance/certification*

সাধারণ অভিবাসী শ্রমিক সম্পর্কিত প্রশ্ন ও তথ্য-সংস্থানের (ইংরেজি, স্প্যানিশ, আরবি, চাইনিজ, হেশিয়ান ক্রিওল, পর্তুগিজ, ভিয়েতনামিজ, এবং টাগালগ সহ আটটি (৪) ভাষায় পাওয়া যায়) জন্য দেখুন: *MigrantWorker.gov* অথবা *TrabajadorMigrante.gov*

পরামর্শ: আপনি কতক্ষণ কাজ করছেন সেটার একটি লিখিত রেকর্ড রাখা একটি ভালো ধারণা। একটি নোটবুক জোগাড় করুন এবং আপনি যে দিনগুলো এবং ঘন্টায় কাজ করেছেন, আপনাকে কত অর্থ প্রদান করা হয়েছিল, আপনি যে তারিখগুলিতে বেতন পেয়েছেন, আপনার পে-চেক (বেতনের বিবৃতি) থেকে বিয়োজন বা ডিডাকশন করা হয়েছে কিনা এবং সেই ডিডাকশনের কারণগুলো লিখে রাখুন।

# কাজের সাপ্তাহিক লগ-এর নমুনা

| কর্মী | | তত্ত্বাবধায়ক বা সুপারভাইজার | |
|---|---|---|---|
| তারিখ | কর্মকাণ্ড | ঘন্টা বা কাজের সময় | অর্থ পরিশোধ |
| | | প্রবেশ ________________<br>প্রস্থান ________________<br>মোট ________________ | |


| কর্মী | | তত্ত্বাবধায়ক বা সুপারভাইজার | |
|---|---|---|---|
| তারিখ | কর্মকাণ্ড | ঘন্টা বা কাজের সময় | অর্থ পরিশোধ |
| | | প্রবেশ ________________<br>প্রস্থান ________________<br>মোট ________________ | |

| কর্মী | | তত্ত্বাবধায়ক বা সুপারভাইজার | |
|---|---|---|---|
| তারিখ | কর্মকাণ্ড | ঘন্টা বা কাজের সময় | অর্থ পরিশোধ |
| | | প্রবেশ ________________<br>প্রস্থান ________________<br>মোট ________________ | |

| কর্মী | | তত্ত্বাবধায়ক বা সুপারভাইজার | |
|---|---|---|---|
| তারিখ | কর্মকাণ্ড | ঘন্টা বা কাজের সময় | অর্থ পরিশোধ |
| | | প্রবেশ ________________<br>প্রস্থান ________________<br>মোট ________________ | |



মার্কিন যুক্তরাষ্ট্র



এই ক্ষুদ্র পুস্তিকা বা প্যাম্ফলেটটির একটি অনলাইন সংস্করণ এবং এর সাথে অন্তর্ভুক্ত ভিডিওটি দেখতে, আপনার স্মার্টফোন ক্যামেরাটি ব্যবহার করে এই QR কোডটি স্ক্যান করুন, এবং স্ক্রিনে ভেসে ওঠা লিংকটি খুলুন:

মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর

এই ক্ষুদ্র পুস্তিকা বা প্যাম্ফলেটটি 2008 সালের উইলিয়াম উইলবারফোর্স ট্রাফিকিং ভিকটিমস প্রোটেকশন রিঅথরাইজেশন অ্যাক্ট, পাবলিক আইন 110-457 এর ধারা 202 অনুসারে তৈরি করা হয়েছে।